# জোনাকির রাজ্যে লুকানো আলো



নুড়ি ছিল এক চুপচাপ মেয়ে। সে সবসময় ভাবত- "আমার আলো কোথায়? আমি কি কাউকে আলোকিত করতে পারি?"



এক রাতে হঠাৎ সে দেখতে পেল জানালার পাশে এক উজ্জ্বল জোনাকি। সে ফিসফিসিয়ে বলল, ”চলো, আমার সাথে আসো!” নুড়ি চুপিচুপি পিছু নিল।





নুড়ি পৌঁছালো এক জাদুর বনে‘যেখানে
গাছেরা ফিসফিস করে, পাতা জ্বলে ওঠে,
আর পোকামাকড়েরা গান গায়।

হঠাৎ জোনাকিরা গোল হয়ে জ্বলে উঠল, আর মাঝখান দিয়ে এল রত্নের মুকুট পরা "জোনাকি রাজা।" নুড়ি, সে বলল, "তুমি তোমার আলো খুঁজতে এসেছো?"





”আলো পেতে হলে তিনটি কাজ করতে হবে” বললেন রাজা।
১. কাউকে সাহায্য করতে হবে ২. ভয়কে জয় করতে হবে
৩. নিজের কল্পনা বিশ্বাস করতে হবে

নুড়ি এক গাছতলায় কান্নারত একটি ছোট খরগোশকে দেখতে পেল। সে বলল, ”ভয় পেও না, আমি আছি।” আলোর রেখা তার চারপাশে জ্বলে উঠল!



রাজা ফিরে এল। ”তুমি তোমার আলো পেয়েছো, নুড়ি! এখন তুমি অন্যদের আলো দেখাবে।” নুড়ির হৃদয়ে এক নরম আলো জ্বলে উঠল।



নুড়ি আবার নিজের ঘরে ফিরে এল। কিন্তু এখন সে জানে‘তার ভিতরেই আছে আলো।সে জানালা দিয়ে তাকিয়ে বলল, ”ধন্যবাদ, জোনাকিরা।”



আমাদের প্রতিটি শিশুর মাঝেই এক একটি আলো থাকে । সাহস, দয়া, ও কল্পনা‘ এই তিনটিই সেই আলো জ্বালায় । ধন্যবাদ নুড়ি, আমাদের মনে করিয়ে দেওয়ার জন্য ।

